দৈনিক
ইনকিলাব

তারিখ 28 JAN 2003
পৃষ্ঠা ... কলাম ...

# নতুন জাতীয় শিক্ষানীতি প্রণয়নের উদ্দেশ্যে শিক্ষা কমিশন গঠন

স্টাফ রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর ডঃ মনিরুজ্জামান মিঞাকে চেয়ারম্যান করে প্রখ্যাত শিক্ষাবিদ ও শীর্ষস্থানীয় শিক্ষা কর্মকর্তাদের সমন্বয়ে সরকার ২৪ সদস্যের একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন নতুন শিক্ষা কমিশন গঠন করেছে। দেশের শিক্ষা ক্ষেত্রে বিরাজমান অবস্থা পর্যালোচনা করে একটি নতুন শিক্ষানীতি প্রণয়নের উদ্দেশ্যে এই কমিশন আগামী ৬ মাসের মধ্যে প্রয়োজনীয় সুপারিশ পেশ করবে। উল্লেখ্য, এটি হবে দেশের ৬ষ্ঠ শিক্ষা কমিশন।

এই কমিশনের সদস্যগণ হচ্ছেন শিক্ষা সচিব মুহম্মদ শহীদুল আলম, প্রাথমিক ও গণশিক্ষা সচিব অধ্যাপিকা ডাঃ তাহমিনা হোসেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ডঃ এসএমএ ফায়েজ, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ডঃ মুহাম্মাদ মুস্তাফিজুর রহমান, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ভিসি প্রফেসর ডঃ মোহাম্মদ আলী মুর্তজা, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর মুহম্মদ মুস্তাফিজুর রহমান, শেখ মুজিবুর রহমান চিকিৎসা বিশ্ববিদ্যালয়ের (পিজি) ভিসি প্রফেসর ডাঃ এমএ হাদী, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ডঃ আবদুল মমিন চৌধুরী, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর ডঃ এম শমসের আলী, নর্থ-সাউথ ইউনিভার্সিটির ভিসি ডঃ হাফিজ জি এ সিদ্দিকী, ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটির ভিসি প্রফেসর ডঃ বজলুল মবিন চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রো-ভিসি ও বাংলা একাডেমীর চেয়ারম্যান প্রফেসর ডঃ ওয়াকিল আহমেদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন

৭-এর পৃঃ ৮-এর কঃ দেখুন।

## শিক্ষা কমিশন

৮-এর পৃষ্ঠার পর

বিভাগের প্রফেসর মোহাম্মদ আসাদুজ্জামান, প্রাথমিক শিক্ষা অধিদফতরের সাবেক মহাপরিচালক প্রফেসর আজিজ আ..দ চৌধুরী, কারিগরি শিক্ষা অধিদফতরের সাবেক মহাপরিচালক আবদুর রফিক, বাংলাদেশ শিক্ষক কর্মচারী ঐক্য পরিষদের সভাপতি ও মোহাম্মদপুর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় কলেজের প্রিন্সিপ্যাল প্রফেসর এম শরীফুল ইসলাম, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতরের সাবেক পরিচালক প্রফেসর গিয়াসউদ্দিন আহমদ, ঢাকা সরকারী আলীয়া মাদ্রাসার প্রিন্সিপ্যাল প্রফেসর মানসুরুল রহমান, ভিকারুন্নিসা নূন স্কুল ও কলেজের প্রিন্সিপাল রোয়েনা হোসেন, হলিক্রসের প্রিন্সিপ্যাল ইয়াসমিন মোর্শেদ, পরিকল্পনা কমিশনের সাবেক যুগ্ম প্রধান সালমা খান, ঢাকার মণিপুর হাই স্কুলের প্রধান শিক্ষক সরদার আলী এবং বাংলাদেশ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মোহাম্মদ সেলিম ভূঁইয়া। শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্মসচিব মোহাম্মদ আবদুল ওয়াহাব নবগঠিত এই শিক্ষা কমিশনের সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন। খুব শিগগিরই এ কমিশন তার কর্মপরিধি অনুযায়ী কাজ শুরু করবে এবং ৬ মাসের মধ্যে রাষ্ট্রীয় মূলনীতি, ইসলাম ও সামাজিক মূল্যবোধ এবং সাংস্কৃতিক ঐতিহ্য সমুন্নত রেখে দেশের অর্থনৈতিক উন্নতি, কর্মসংস্থান ও সামাজিক চাহিদার প্রতি গুরুত্ব দিয়ে নতুন শিক্ষানীতি প্রণয়নের উদ্দেশ্যে সরকারের কাছে পূর্ণাঙ্গ রিপোর্ট পেশ করবে।